

বিষয়: কাস্টমস হাউস, চট্টগ্রাম ও চট্টগ্রাম কাস্টমস এজেন্টস এসোসিয়েশনের মধ্যে ২২/১০/২০২৫ খ্রি. তারিখ অনুষ্ঠিত যৌথ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ শফি উদ্দিন, কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
স্থান : “সমৃদ্ধি” সম্মেলন কক্ষ, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
তারিখ : ২২/১০/২০২৫ খ্রি.।
সময় : সকাল ১০:৩০ ঘটিকা।

কাস্টমস হাউস, চট্টগ্রামে করদাতা বান্ধব পরিবেশ সৃজনের জন্য অনুসৃত “সুশাসন ও আধুনিক ব্যবস্থাপনা কাঠামো” এর আওতায় অধিকতর স্বচ্ছতা, জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে কাস্টমস হাউস, চট্টগ্রাম ও চট্টগ্রাম কাস্টমস এজেন্টস এসোসিয়েশনের মধ্যে কাস্টমস হাউস, চট্টগ্রামের কমিশনার জনাব মোহাম্মদ শফি উদ্দিন এর সভাপতিত্বে গত ২২/১০/২০২৫ খ্রিঃ তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় কাস্টমস হাউস, চট্টগ্রাম এর সম্মেলন কক্ষ “সমৃদ্ধি”-তে একটি যৌথ সভা অনুষ্ঠিত হয়। উক্ত যৌথ সভায় কাস্টমস হাউস, চট্টগ্রাম-এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা এবং চট্টগ্রাম কাস্টমস এজেন্টস এসোসিয়েশনের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

২। সভার শুরুতে চট্টগ্রাম কাস্টমস এজেন্টস এসোসিয়েশনের সাধারণ সম্পাদক কাস্টমস হাউস, চট্টগ্রামের দৈনন্দিন কার্যক্রমে বিদ্যমান বিভিন্ন সমস্যা ও তা নিরসনে প্রস্তাবনা উপস্থাপন করেন। সভাপতি মহোদয় বিদ্যমান আইন ও বিধির আলোকে উত্থাপিত বিষয়গুলো সমাধানের বিষয়ে চট্টগ্রাম কাস্টমস এজেন্টস এসোসিয়েশন সদস্যদের আশ্বস্ত করেন। অতঃপর প্রতিটি বিষয়ের উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	পণ্যের শুদ্ধায়নযোগ্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে শুদ্ধ মূল্যায়ন বিধিমালা, ২০০০ যথাযথভাবে অনুসরণ না করা।	পণ্যের শুদ্ধায়নযোগ্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে শুদ্ধ মূল্যায়ন বিধিমালা, ২০০০ যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.২৭.০০১.২২.৮২, তারিখ-১৪/০৫/২০২৫ খ্রি. এর মাধ্যমে শুদ্ধায়নযোগ্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে শুদ্ধ মূল্যায়ন বিধিমালায় বিধি-৪ অনুযায়ী পণ্যের বিনিময় মূল্যকে প্রাধান্য দিতে নির্দেশনা দেওয়া হয়েছে। তবে ঘোষিত মূল্য সম্পর্কে কাস্টমস কর্তৃপক্ষের কোনো সন্দেহের সৃষ্টি হলে শুদ্ধ মূল্যায়ন বিধিমালা বিধি-৫ (অভিন্ন পণ্যের বিনিময় মূল্য), বিধি-৬ (সমতুল্য পণ্যের বিনিময় মূল্য), বিধি-৭ (অবরোহী মূল্য), বিধি-৮ (হিসাবকৃত মূল্য), বিধি-৯ (অন্যান্য পদ্ধতি) এ উল্লিখিত মূল্য নির্ধারণের	পণ্যের শুদ্ধায়নযোগ্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে কাস্টমস আইন, ২০২৩ এর ধারা- ২৭, শুদ্ধ মূল্যায়ন বিধিমালা, ২০০০ এবং জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ ও নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা।	ডেপুটি কমিশনার/ সহকারী কমিশনার (শুদ্ধায়ন সেকশন), কাস্টমস হাউস, চট্টগ্রাম।

		পদ্ধতিসমূহ ধারাবাহিকভাবে অনুসরণ করতে হবে। কিন্তু প্রায় ক্ষেত্রে দেখা যায়, মূল্য নির্ধারণের ক্ষেত্রে বিধিমালায় বর্ণিত পদ্ধতিসমূহ ধারাবাহিকভাবে অনুসরণ না করে বিধি-৯ (অন্যান্য পদ্ধতি) অনুযায়ী পণ্যের মূল্য নির্ধারণ করা হয়। প্রস্তাব: আমদানিকৃত পণ্যের শুদ্ধায়নযোগ্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে শুদ্ধ মূল্যায়ন বিধিমালা, ২০০০ এবং এ সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.২৭.০০১.২২.৮২, তারিখ-১৪/০৫/২০২৫ খ্রি. এর দফা ২(ক) এর নির্দেশনা মোতাবেক শুদ্ধায়নযোগ্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে বিনিময় মূল্য নির্ধারণের উপর সর্বোচ্চ গুরুত্ব আরোপ করে শুদ্ধায়ন কার্যক্রম সম্পন্ন করা।		
২	পণ্যের কায়িক পরীক্ষা দিনের মধ্যে সম্পন্ন না করা এবং কায়িক পরীক্ষাকালে পণ্যের MSDS/Catalogue ইত্যাদি দলিলাদি যাচাই করা।	পণ্যের কায়িক পরীক্ষার কার্যক্রম সকাল বেলায় শুরু করে দিনের মধ্যে শেষ করা এবং একই দিনে পরীক্ষার প্রতিবেদন দেয়ার বিষয়ে গত ১০/০৯/২০১২ খ্রি: তারিখ জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টম হাউস এবং চট্টগ্রাম কাস্টমস ক্লিয়ারিং ও ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত থাকলেও তা পরিপালন করা হচ্ছে না। কায়িক পরীক্ষার কার্যক্রম দুপুরের পর শুরু করে প্রায় ক্ষেত্রে সন্ধ্যার পরও চলমান থাকে। এছাড়া, কায়িক পরীক্ষাকালে পণ্যের MSDS/Catalogue ইত্যাদি দলিলাদি যাচাই এর নামে সিএন্ডএফ এজেন্টদেরকে হয়রানি করা হয়। প্রস্তাব: কায়িক পরীক্ষণ কার্যক্রম যথাসময়ে সম্পন্নকরণ এবং একই দিনে কায়িক পরীক্ষার প্রতিবেদন প্রদানের লক্ষ্যে সকাল ১১টা থেকে ১২টার মধ্যে কায়িক পরীক্ষা শুরু করা এবং দিনের মধ্যে কায়িক পরীক্ষণ কার্যক্রম সম্পন্ন করা। কায়িক পরীক্ষাকালে পণ্যের MSDS/Catalogue ইত্যাদি দলিলাদি যাচাই এর নামে হয়রানী না করা।	জয়েন্ট কমিশনার (জেটি), এবং স্টেক হোল্ডাররা আলোচনার মাধ্যমে জেটিতে কায়িক পরীক্ষার কর্মপন্থা নির্ধারণ করবে।	জয়েন্ট কমিশনার (জেটি), এবং সংশ্লিষ্ট স্টেকহোল্ডার
৩	পণ্যচালান সহকারী রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কমিশনার/ডেপুটি কমিশনার পাশাপাশি	প্রায় প্রতিটি পণ্যচালান সহকারী রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তার পাশাপাশি সহকারী কমিশনার/ডেপুটি কমিশনার কর্তৃক পুনঃপরীক্ষণ করা হয়। এতে করে সিএন্ডএফ এজেন্টদেরকে নানারকম ভোগান্তি পোহাতে	পণ্য খালাসে অনাকাঙ্ক্ষিত বিলম্ব পরিহারের লক্ষ্যে সহকারী কমিশনার/ডেপুটি কমিশনারের উপস্থিতিতে একই সময়ে পণ্য কায়িক	জয়েন্ট কমিশনার (জেটি), ডেপুটি কমিশনার (জেটি), সহকারী কমিশনার (জেটি) রাজস্ব কর্মকর্তা এবং সহকারী

	সহকারী কমিশনার/ডেপুটি কমিশনার কর্তৃক পুনঃপরীক্ষণ করা।	হয় এবং পণ্য খালাসে অযথা বিলম্ব ঘটে। প্রস্তাব: পণ্য খালাসে অনাকাঙ্ক্ষিত বিলম্ব ও ভোগান্তি পরিহারের লক্ষ্যে সহকারী কমিশনার/ডেপুটি কমিশনারের উপস্থিতিতে একই সময়ে দিনের মধ্যে পণ্য কার্যিক পরীক্ষা করা।	পরীক্ষার চেষ্টা করা।	রাজস্ব কর্মকর্তা
৪	আনস্টাফিং সংক্রান্ত অফিস আদেশ নং-১২৭, তারিখ- ৩০/১১/২০১১ খ্রি. যথাযথভাবে অনুসরণ না করা এবং আনস্টাফিংকালে পণ্যের ওজন নির্ণয়, MSDS/Catalogue ইত্যাদি দলিলাদি যাচাই করা।	আনস্টাফিং সংক্রান্ত অফিস আদেশ নং-১২৭, তারিখ-৩০/১১/২০১১ খ্রি. অনুযায়ী আনস্টাফিং কর্মকর্তার দায়িত্ব হচ্ছে শুদ্ধায়িত পণ্য বহির্ভূত কোনো পণ্য কন্টেইনারে আছে কিনা তা তদারকির উদ্দেশ্যে পণ্যচালানের ইনভয়েস, প্যাকিং লিস্ট ইত্যাদি যাচাই করা এবং পণ্য সঠিক পাওয়া গেলে খালাস নিশ্চিত করা। কিন্তু আনস্টাফিং কর্মকর্তা কর্তৃক পণ্যের ওজন নির্ণয়, MSDS/Catalogue, এইচ. এস. কোড, মূল্য ইত্যাদি যাচাই করা হচ্ছে, যা সম্পূর্ণ আইন ও আদেশ বহির্ভূত। প্রস্তাব: পণ্যচালানের খালাস কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্নকরণের লক্ষ্যে আনস্টাফিং সংক্রান্ত অফিস আদেশ নং-১২৭ যথাযথভাবে অনুসরণ করা এবং আনস্টাফিং কালে পণ্যচালানের বিল অব এন্ট্রি, ইনভয়েস, প্যাকিং লিস্ট এর বাইরে MSDS/Catalogue, এইচ.এস.কোড, মূল্য ইত্যাদি দলিলাদি অহেতুক যাচাই না করা।	কাস্টমস হাউস, চট্টগ্রামের স্থায়ী আদেশ নং- এস- ৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২০১০/৪১০৮২, তারিখ- ১৭-০৬-২০২১খ্রিঃ এ প্রদত্ত নির্দেশনা মোতাবেক আনস্টাফিং ডিভিশন-এর কার্যাবলি যথাযথ অনুসরণ করা। এছাড়া, ঘোষণা মোতাবেক পণ্য সঠিক প্রাপ্তি সাপেক্ষে দ্রুত পণ্য খালাস নিশ্চিতকরণের নিমিত্তে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা।	জয়েন্ট কমিশনার (জেটি), সহকারী কমিশনার (আনস্টাফিং)
৫	প্রবাসী বাংলাদেশী কর্তৃক আন-অ্যাকোম্পানিড ব্যাগেজ ঘোষণায় আনীত পণ্যের খালাস প্রদান বন্ধ রাখা।	চট্টগ্রাম বিমান বন্দরে প্রবাসী বাংলাদেশী কর্তৃক ব্যক্তিগত ব্যবহারের উদ্দেশ্যে আন-অ্যাকোম্পানিড ব্যাগেজ ঘোষণায় আনীত পণ্য অপার্টিক যাত্রী ব্যাগেজ বিধিমালা অনুযায়ী খালাস না দিয়ে শুধুমাত্র ১০০ কেজি পর্যন্ত আনীত পণ্য খালাসের অনুমতি দেওয়া হচ্ছে। যেখানে ঢাকা বিমান বন্দরের মাধ্যমে আন-অ্যাকোম্পানিড ব্যাগেজ ঘোষণায় আনীত ১০০ কেজির অধিক পণ্য বিধিমালা অনুযায়ী প্রযোজ্য গুরু-কর পরিশোধ সাপেক্ষে খালাস দেয়া হচ্ছে। প্রস্তাব: ঢাকা কাস্টমস হাউস এর ন্যায় চট্টগ্রাম বিমান বন্দরের মাধ্যমে আন-অ্যাকোম্পানিড ব্যাগেজ ঘোষণায় আনীত ১০০ কেজির অধিক পণ্য অপার্টিক যাত্রী ব্যাগেজ বিধিমালা, ২০২৫ অনুযায়ী খালাসের ব্যবস্থা গ্রহণ করা।	অপার্টিক যাত্রী ব্যাগেজ বিধিমালা, ২০২৫ অনুযায়ী পণ্য খালাসের আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা।	জয়েন্ট কমিশনার, ডেপুটি কমিশনার এবং সহকারী কমিশনার (এয়ারপোর্ট ও এয়ার ফ্রেইট), চট্টগ্রাম।

৬	অফডক সমূহে সার্বক্ষণিক (২৪x৭) কাস্টমস কর্মকর্তা দায়িত্ব পালন না করা।	অফডক সমূহে কাস্টমস কর্মকর্তা দুপুর ২টার আগে কর্মস্থলে আসেন না এবং রাত ১০টার পর কর্মস্থল ত্যাগ করেন। ফলে দুপুর ২টার আগে আমদানি পণ্যের কন্টেইনার (যেহেতু, কাস্টমস কর্মকর্তার উপস্থিতিতে কন্টেইনার খোলা হয়) খোলা সম্ভব হয় না, এতে আমদানি পণ্য খালাসে বিলম্ব ঘটে। অপরদিকে রাত ১০টার পর কাস্টমস কর্মকর্তা না থাকার কারণে রপ্তানি কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। প্রস্তাব: অফডক সমূহে আমদানি-রপ্তানি কার্যক্রম নিরবচ্ছিন্ন রাখার লক্ষ্যে কাস্টমস কর্মকর্তাদের সার্বক্ষণিক দায়িত্ব পালন নিশ্চিতকরণ সংক্রান্ত কাস্টমস হাউস, চট্টগ্রাম এর ২০/১০/২০২০ খ্রি. তারিখের অফিস আদেশ নথি নং-৫২/বিবিধ/পলিসি/রপ্তানি/২০২০-২০২১/২৬১২২(৩) মোতাবেক রোস্টার অনুযায়ী কাস্টমস কর্মকর্তাদের দায়িত্ব পালন নিশ্চিত করা।	অফডকসমূহের কার্যক্রম সার্বক্ষণিক চালু রাখার লক্ষ্যে রোস্টার ডিউটির মাধ্যমে পদস্থ কর্মকর্তাদের সার্বক্ষণিক অবস্থান নিশ্চিত করা।	অ্যাডিশনাল কমিশনার/ জয়েন্ট কমিশনার/ ডেপুটি কমিশনার/ অ্যাসিস্ট্যান্ট কমিশনার (অফডক)
৭	দীর্ঘদিন ধরে সিস্টেমে লককৃত এইচ.এস.কোড সমূহ সময়ে সময়ে পর্যালোচনা না করা।	সরকারী রাজস্ব সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে রিফ ম্যানেজমেন্টের আওতায় কতিপয় আমদানি পণ্যের এইচ.এস.কোড অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে দীর্ঘদিন ধরে লক করে রাখা হয়েছে। লককৃত এইচ.এস.কোড সমূহের বিপরীতে আমদানিকৃত পণ্যচালান শতভাগ কায়িক পরীক্ষা করা হলেও কায়িক পরীক্ষায় প্রাপ্ত ফলাফল সময়ে সময়ে পর্যালোচনা করা হচ্ছে না। এতে করে একই পণ্য একাধিকবার কায়িক পরীক্ষায় কোনো অনিয়ম পরিলক্ষিত না হওয়া স্বত্ত্বেও শতভাগ কায়িক পরীক্ষা থেকে অব্যাহতি দেওয়া হচ্ছে না। প্রস্তাব: যে সকল লককৃত এইচ.এস.কোড এর বিপরীতে আমদানিকৃত পণ্যচালান দীর্ঘদিন যাবত কায়িক পরীক্ষায় কোনো অনিয়ম পাওয়া যায়নি বা অনিয়ম পাওয়া গেলেও তা খুবই নগণ্য, সে সকল এইচ.এস.কোড সমূহ রিফ ম্যানেজমেন্ট কমিটির সভার মাধ্যমে প্রতি তিন মাস অন্তর অন্তর পর্যালোচনা করে শতভাগ কায়িক পরীক্ষণ হতে অব্যাহতি প্রদান করা।	পরবর্তী রিফ ম্যানেজমেন্ট কমিটির সভায় গুরুত্ব সহকারে দীর্ঘদিন ধরে লক থাকা এইচ.এস কোড পর্যালোচনাপূর্বক কায়িক পরীক্ষার প্রাপ্ত ফলাফল ও লক থাকার আবশ্যিকতার বিষয়টি পুনঃবিবেচনা করা।	রিফ ম্যানেজমেন্ট কমিটি কাস্টমস হাউস, চট্টগ্রাম
৮	এ.আই.আর কর্তৃক পণ্যচালানের বিল অব এন্ট্রি অযাচিত লককরণ পরিহার করা।	এ.আই.আর শাখার দায়িত্ব হলো রিফ ম্যানেজমেন্টের মাধ্যমে রাজস্ব আহরণে ঝুঁকিপূর্ণ পণ্য সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে চিহ্নিত করে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে বিল অব এন্ট্রি লক পূর্বক কায়িক পরীক্ষার মাধ্যমে	গোপন তথ্যের নির্ভর যোগ্যতা যথাসম্ভব যাচাই-বাছাই করে বিল অব এন্ট্রি লক করা	এ.আই.আর শাখা কাস্টমস হাউস, চট্টগ্রাম

		রাজস্ব ফাঁকি ও ঝুঁকি উদঘাটন করা। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে, বিভিন্ন পর্যায়ের উৎস হতে প্রাপ্ত গোপন সংবাদের সত্যতা যথাযথভাবে যাচাই না করে অনুমান ভিত্তিক ও কাল্পনিক তথ্যের ভিত্তিতে বিল অব এন্ট্রি লক করে কায়িক পরীক্ষা করা হচ্ছে। এতে করে আমদানিকারক ও সিএন্ডএফ এজেন্টদেরকে হয়রানির শিকার হতে হচ্ছে এবং পণ্য খালাসে বিলম্ব ঘটছে। প্রস্তাব: বিল অব এন্ট্রি অযাচিত লককরণ পরিহারের লক্ষ্যে বিভিন্ন পর্যায়ের উৎস হতে প্রাপ্ত গোপন সংবাদের সত্যতা যথাযথভাবে নিশ্চিত হয়ে বিল অব এন্ট্রি লক করা এবং পণ্যচালান দ্রুত খালাসের লক্ষ্যে প্রথমবার কায়িক পরীক্ষাকৃত পণ্যচালান, শুদ্ধ-কর পরিশোধিত পণ্যচালান এবং শিল্প প্রতিষ্ঠানের আমদানিকৃত পণ্যচালান খালাস পর্যায়ে কায়িক পরীক্ষা করা।		
৯	রাসায়নিক পরীক্ষার ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ অনুযায়ী VTR ও TR ব্যবস্থা বাস্তবায়ন করা এবং অপ্রয়োজনীয় রাসায়নিক পরীক্ষা পরিহার করা।	কাস্টমস হাউসে স্বয়ংসম্পূর্ণ রাসায়নিক পরীক্ষাগার না থাকার কারণে অনেক পণ্যের নমুনা বহিষ্কৃত্যাবে প্রেরণ করতে হয়। এতে করে পণ্যের রাসায়নিক পরীক্ষার কার্যক্রম সম্পন্ন হতে অনেক সময় ও অর্থ ব্যয় হয়। ফলে পণ্য খালাসে বিলম্ব ঘটে। প্রস্তাব: পণ্যের অপ্রয়োজনীয় রাসায়নিক রাসায়নিক পরীক্ষা পরিহারের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-৭(৪)কাস-১/৯২/(অংশ-২)/৪৯০(১), তারিখ: ০৯/০৯/২০০১ইং এর নির্দেশনা মোতাবেক VTR ও TR ব্যবস্থা বাস্তবায়ন করা এবং পণ্যের সুস্পষ্ট বর্ণনা ও লিটারেচার (এমএসডিএস) থাকলে রাসায়নিক পরীক্ষা পরিহার করা।	পণ্যের Valid Test Report (VTR), Test Report (TR) এবং পণ্যের সুস্পষ্ট বর্ণনা ও লিটারেচার (এমএসডিএস, টিডিএস ইত্যাদি) থাকলে আইন, বিধি, আদেশ ও নির্দেশ পরিপালন পূর্বক উক্ত লিটারেচার যাচাই এর মাধ্যমে পণ্যের সঠিকতা নিশ্চিত করতঃ পণ্যের অপ্রয়োজনীয় রাসায়নিক পরীক্ষা পরিহার করা।	কাস্টমস হাউস, চট্টগ্রাম।
১০	গেইট ডিভিশন এর কর্মকর্তা কর্তৃক পণ্যের এইচ.এস.কোড, মূল্য ইত্যাদি বিষয়ে মতামত প্রদান করা।	গেইট ডিভিশনের দায়িত্ব হলো পণ্যের শুদ্ধ-করাদি পরিশোধ করা হয়েছে কিনা তা যাচাই করে পণ্যচালান ছাড় প্রদান করা। কিন্তু গেইট ডিভিশনে দায়িত্বরত কর্মকর্তা কর্তৃক পণ্যের এইচ.এস.কোড, মূল্য ইত্যাদি বিষয়ে মতামত দেওয়া হচ্ছে। প্রস্তাব: গেইট ডিভিশনের কর্মকর্তাদেরকে দায়িত্ব বহির্ভূতভাবে পণ্যের এইচ.এস.কোড, মূল্য ইত্যাদি বিষয়ে মতামত প্রদান করা হতে বিরত রাখা।	কাস্টমস হাউস, চট্টগ্রামের স্থায়ী আদেশ নং- এস-৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২০১০/৪১০৮-২, তারিখ- ১৭-০৬-২০২১খ্রিঃ মোতাবেক গেইট ডিভিশন-এর কার্যাবলি যথাযথ অনুসরণ করা।	জয়েন্ট কমিশনার (জেটি)

৩। সভায় চট্টগ্রাম কাস্টমস এজেন্টস এসোসিয়েশনের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ নেতৃবৃন্দ বক্তব্য উপস্থাপন করেন। এসোসিয়েশনের প্রতিনিধিগণ যৌথ সভার মাধ্যমে আলোচনাপূর্বক বিদ্যমান সমস্যা নিরোসনের উপর গুরুত্ব আরোপ করেন। যৌথ সভা আয়োজনের জন্য চট্টগ্রাম কাস্টমস এজেন্টস এসোসিয়েশনের সভাপতি কমিশনার মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং যৌথ সভা নিয়মিত আয়োজনের অনুরোধ জানান।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
মোহাম্মদ শফি উদ্দিন
কমিশনার (চলতি দায়িত্ব)

নথি নং-এস-৪/১২/প্রশাসন/মত বিনিময় সভা/২০১৭-১৮/৪৩৮৬০ (কি-১২) তারিখ: ১১/১০/২০২৫ খ্রি।

10 NOV 2025

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস-১/২, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
- ২। জয়েন্ট কমিশনার অব কাস্টমস-১/২/৩/৪, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
- ৩। সিস্টেম এনালিস্ট, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
- ৪। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
- ৫। সহকারী প্রোগ্রামার (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
- ৬। রেভিনিউ অফিসার (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
- ৭। সভাপতি/সাধারণ সম্পাদক, চিটাগাং কাস্টমস ক্লয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন, চট্টগ্রাম।
- ৮। সুপার, যোগাযোগ শাখা, কাস্টমস হাউস, চট্টগ্রাম। (সংশ্লিষ্ট সকলকে বিতরণের জন্য)।
- ৯। পিএটু কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম। (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। অফিস কপি।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

গৃহীত	
চট্টগ্রাম কাস্টমস এজেন্টস এসোসিয়েশন	
১৭১২, শেখ মুজিব রোড, আশাবাদ বা/এ, চট্টগ্রাম।	
গ্রহণ নং	৩০২২
তারিখ	২৮/১০/২০২৫
সময়	২.১০ টা
প্রশাসনিক	

১৩/১০/২৫
এইচ এম কবির

ডেপুটি কমিশনার (প্রিভেন্টিভ ও প্রশাসন)।

- ☐ নথিতে দিন।
- ☐ ব্যবস্থা নিন।
- ☐ টেন্ডার ও ভাড়া।
- ☐ বি: উপ কমিটিতে দিন।
- ☐ সম্পাদকের মতামত নিন / অবহিত করুন।
- ☐ প্রচার করুন।
- ☐ আলোপ করুন।
- ☐ জরুরী ☐ অতীব জরুরী
- ☐ সংরক্ষণ করুন।
- ☐ সদস্যদের E-mail এ দিন / Website এর Notice Board এ দিন।

ফি. ৭২২২৪

১৩/১০/২৫